

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৩৪৩

১১. কিতাবুয যাকাত (کتاب الزکاة)

পরিচ্ছেদঃ আমরা যা উল্লেখ করলাম, তার বিশুদ্ধতা প্রমাণে দিতীয় হাদীস

ذِكْرُ خَبَرٍ ثَانٍ يُصَرِّحُ بِإِبَاحَةِ مَا ذَكَرْنَاهُ

আরবী

3343 _ أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيدِ بْنِ سِنَانٍ قَالَ: أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ أَبِي بَكْرٍ عَنْ مَالِكٍ عَنْ سَعِيدِ بْنِ عَمْرِو بْنِ شُرَحْبِيلَ بْنِ سَعِيدِ بْنِ سَعْدِ بْنِ عُبَادَةَ عَنْ أَبِيهِ عَنْ جَدِّهِ قَالَ: خَرَجَ سَعْدُ بْنُ عُبَادَةَ مَعَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي بَعْضِ مَغَازِيهِ وَحَضَرَتْ أُمَّهُ الْوَفَاةُ بِالْمَدِينَةِ فَقِيلَ لَهَا أُوصِي فَقَالَتْ: فَبِمَ أُوصِي إِنَّمَا الْمَالُ مَالُ سَعِد فَتُوفِيت قَبْلَ أَنْ يَقْدِمَ سَعْدٌ فَلَمَّا قَدِمَ سَعْدٌ ذُكِرَ ذَلِكَ لَهُ فَقَالَ سَعِد: يارسول اللَّهِ هَلْ يَنْفَعُهَا أَنْ أَتَصَدَّقُ عَنْهَا؟ سَعْدٌ فَلَمَّا قَدِمَ سَعْدٌ ذُكِرَ ذَلِكَ لَهُ فَقَالَ سَعِد: يارسول اللَّهِ هَلْ يَنْفَعُهَا أَنْ أَتَصَدَّقُ عَنْهَا؟ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (نَعَمْ) فَقَالَ سَعْدٌ: حَائِطُ كَذَا وَكَذَا صَدَقَةٌ عَلَيْهَا — لَا لَكُ سَمَّاهُ

حسن ـ ((التعليق على ((صحيح ابن خزيمة)))) (2500).

বাংলা

৩৩৪৩. সাঈদ বিন আমর বিন শুরাহবীল বিন সাঈদ বিন সাণদ বিন উবাদাহ তার ও দাদার পরস্পরায় হাদীস বর্ণনা করেছেন, তার দাদা বলেন, "একবার সাণদ বিন উবাদাহ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে কোন এক যুদ্ধে বের হন। এই সময় মদীনার তার মা মুমূর্ষু অবস্থায় নিপতিত হন। তখন তার মাকে বলা হলো, "আপনি অসিয়ত করুন।" জবাবে তিনি বলেন, "আমি কী অসিয়ত করবো, সম্পদ তো সা'দের।" অতঃপর সাণদ রাদ্বিয়াল্লাহু আনহু মদীনায় আসার আগেই তিনি মারা যান। তারপর সা'দ রাদ্বিয়াল্লাহু আনহু মদীনায় আসলে, তাকে বিষয়টি অবহিত করা হয়। তখন সা'দ রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমি যদি তার পক্ষ থেকে সাদাকাহ করি, তবে সেটা কি তার উপকারে আসবে?" তখন নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "হাাঁ (উপকার হবে)।" তখন সা'দ রাদ্বিয়াল্লাহু আনহু বলেন।"[1]

ফুটনোট



[1] মুয়াত্তা ইমাম মালিক: ২/৭৬০; নাসাঈ: ৬/২৫০-২৫১; সহীহ ইবনু খুয়াইমাহ: ২৫০০; হাকিম: ১/৪২০; সুনান বাইহাকী: ৬/২৭৮; তাবারানী: ৫৩৮২; সহীহুল বুখারী: ২৭৬২; আবূ দাউদ: ২৮৮২; তিরমিযী: ৬৬৯।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকু আলা সহীহ ইবনু খুয়াইমাহ; ২৫০০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন